কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের

প্রস্তুতিসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে তরুন্যর জয়যাত্রা প্রোগাম সফল
করার জন্য আজ রবিবার বিকাল ৪ টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন
যুবলীগের আয়োজনে ইউনিয়ন পরিষদ হলরুমে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কুড়ুলগাছি ইউনিয়ন সভাপতি দেলোয়ার হোসেন বিপু ‘র সভাপতিত্বে অনুষ্ঠানে এ সময় আরো উপস্থিত ছিলেন

সাধারণ সম্পাদক রিপন, সহ সভাপতি, আলমগীর,তারিকুল, সঞ্জয়, মামুন অর রশিদ,যুগ্ম সম্পাদক শিমুল, শেখ সুমন,সাংগঠনিক সম্পাদক মামুন, অর্থ সম্পাদক রবিউল ইসলাম, মুক্তিযোদ্ধা সম্পাদক, আবুল কালাম আজাদ, সহ সম্পাদক ওয়াজ,খালিদ,সদস্য, লাবলু, আলমগীর, বকুল, মাছুম, জসিম, সামাদ,আরিফ , খোকন, কালু প্রমুখ।

আলমডাঙ্গায় গাঁজাসহ ব্যবসায়ী

গ্রেপ্তার

আলমডাঙ্গার পৌরসভাধীন সাদাব্রিজ এলাকা থেকে ২০০ গ্রাম গাঁজাসহ এক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ রবিবার বিকেল ৫ টার দিকে থানাপুলিশ অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে।

আটকৃত মাদক ব্যবসায়ী কালিদাসপুর ইউনিয়নের শ্রীরামপুর গ্রামের মৃত নুর আলীর ছেলে রমজান আলী (৪৫)।

পুলিশ সূত্রে জানাযায়, আজ রবিবার বিকেল ৫ টায় পৌরসভাধীন সাদাব্রিজ প্রাঙ্গণে মাদক দ্রব্য গাঁজা বিক্রয়ের সংবাদে পুলিশ অভিযান পরিচালনা করে। এসময় শ্রীরামপুর গ্রামের মাদক ব্যবসায়ী রমজান আলীকে গ্রেপ্তার করে। পুলিশ তার শরীর তল্লাশী করে ২শ গ্রাম গাঁজা উদ্ধার করে। আটক রমজানের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায়

মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

দর্শনায় ৪০ লিটার বাংলা মদসহ গ্রেফতার ১

দর্শনার রামনগরে কাঠের দোকানে অভিযান চালিয়ে ৪০ লিটার বাংলামদসহ একজনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

জানাগেছে গতকাল শনিবার সন্ধা ৭ টার দিকে দর্শনা রামনগরে থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ (চল্লিশ) লিটার বাংলামদসহ বাদল শেখ(৫০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে । গ্রেপ্তারকৃত বাদল শেখ দর্শনা পৌর এলাকার রামনগর গ্রামের মৃত হায়াত আলী ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা পৌরসভার রামনগর মোড়ে একটি কাঠের দোকানে। এ সময় দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে এসআই ফাহিম হোসেন, এএসআই, আশিকুর রহমান ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ রামনগর মোড়ের একটি কাঠের দোকানে।

এসময় দোকানের ভিতরে হতে অবৈধ মাদকদ্রব্য ৪০ (চল্লিশ) লিটার বাংলা মদসহ একই গ্রামের (মাঝপাড়া) মৃত হায়াত আলীর ছেলে বাদল শেখকে গ্রেফতার করেন। গ্রেপ্তারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা প্রেসক্লাবের ৫জন কে বহিষ্কার

দামুড়হুদা প্রেসক্লাবে জরুরি সভায় গঠনতন্ত্র বহিভূত কর্মকাণ্ডের অভিযোগে ৫জন সদস্যকে বহিষ্কার করা হয়েছে। আজি শনিবার দুপুর ১২টার দিকে দামুড়হুদা প্রেসক্লাব মিলনায়তনে এক জরুরি সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে ও প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবির সঞ্চালনায় জরুরি সভায় উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজল, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, মেহেদী হাসান মিলন, ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক বিল্লাল হোসেন, নির্বাহী সদস্য শামসুজ্জোহা পলাশ, জাহিদুর রহমান মুকুল, আব্দুস সালাম, সিনিয়র সদস্য তাছির আহমেদ, মোজাম্মেল শিশির, এসএম সুজন, সালাউদ্দিন, শাহজালাল বাবু, রাসেল আহমেদ, মশিউর রহমান প্রমুখ।

জরুরি সভায় প্রেসক্লাবের গঠনতন্ত্র বহিভূত কর্মকাণ্ডের সাথে জড়িত থাকার অভিযোগে সদস্য বখতিয়ার হোসেন বকুল, আব্দুল লতিফ, রতন বিশ্বাস, শরিফ উদ্দীন, মোমিনুল হক কে সর্ব সিদ্ধান্তনুযায়ী বহিষ্কার করা হয়েছে। আগামীতে তাদের কোনো আইনবহির্ভূত কর্মকাণ্ডের বিষয়ে দামুড়হুদা প্রেসক্লাব দায়বদ্ধ থাকবে না।

আলমডাঙ্গায় মহিলা অধিদপ্তরের হস্তক্ষেপে বন্ধ হলো বাল্যবিবাহ

আলমডাঙ্গা উপজেলায় মহিলাবিষয়ক অধিদপ্তরের হস্তক্ষেপে নবম শ্রেণি ছাত্রীর বিয়ে বন্ধ করা হয়েছে। আজ শনিবার দুপুরে উপজেলার বাড়াদী ইউনিয়নের এনায়েতপুর গ্রামে এ বিয়ের আয়োজন করা হয়।

উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত জানান, গতকাল শনিবার দুপুরে বাড়াদী ইউনিয়নে নবম শ্রেণিতে পড়া এক ছাত্রীর বিয়ের আয়োজন চলছে এমন খবর পান তাঁরা। খবর পেয়ে অধিদপ্তরের জেন্ডার প্রমোটর সানজিদা আক্তারের নেতৃত্বে কিশোর-কিশোরী ক্লাবের আবৃত্তি শিক্ষক রাজিব কুমার বেদকে ঘটনাস্থলে পাঠানো হয়। তাঁরা সেখানে গিয়ে বাল্যবিবাহ আয়োজনের বিষয়টি নিশ্চিত হন।

মাকসুরা জান্নাত বলেন, তিনি বিষয়টি থানা-পুলিশকে জানালে স্থানীয় মুন্সিগঞ্জ পুলিশ ক্যাম্পের উপপরিদর্শক ইউসুফ আলীর নেতৃত্বে একদল পুলিশ ঘটনাস্থলে যায়। পুলিশ সদস্যরা যাওয়ার পর জেন্ডার প্রমোটর সানজিদা আক্তার কনের জন্মসনদ দেখে নিশ্চিত হন তার বয়স ১৫। তিনি বিয়ে বন্ধ করে দিয়ে রবিবার সকালে কনেসহ কনের মাবাবাকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে হাজির হতে বলেন এবং মেয়ের বয়স ১৮ না হওয়া পর্যন্ত বিয়ে দেবেন না মর্মে মুচলেকা নেন।

দামুড়হুদায় জেলা প্রশাসক ও তাঁর পত্নীর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

বদলিজনিত বিদায় চুয়াডাঙ্গা জেলা প্রশাক ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন ও তারত্নী জেলা লেডিস ক্লাবের ম্যাচ মেহনাজ খাঁ বাঁধনের বিদায় সংবর্ধনা বৃদ্ধি করা হয়েছে।

আজ শনিবার বিকাল ৪টার সময় উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের উত্তরে ব্যাখ্যার ক্ষেত্রে কক্ষ বিবর্ধনা অনুষ্ঠিত হয়।

তিনি ২০২২ সালের ১৩ জানুয়ারি চুয়াঙ্গা জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন। বদলিজনিত কারনে তিনি বিজ্ঞান ও প্রযুক্তি বিদায় নিয়ে মন্ত্রনানালয়ে যোগদান করবেন। বিবর্ধনা উপজেলা পরিষদের ফুলঝুরি সংকলন আলি আলি বাবু ও উপজেলা পরিষদের মুনাছু জয় রোকসানা মিতা।

দামুড়হুদা উপজেলা পরিষদের আলী মুহম্মদ আলী মুহম্মদ বাবুর সভাপতিত্বে সংসদ সদস্য প্রধান প্রধান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিন ইসলামুল খাঁন। বিদায়ী প্রধান প্রধান ব্যক্তিকে উদ্দেশ্য করে তিনি গুরুত্বপূর্ণ শেখুর রহমান ও তার প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করেন। সকল প্রচারের প্রতি তিনি শ্রদ্ধাজ্ঞাপন করেন। তাদের বিস্তারে আজ আমরা স্বাধীন সার্বভৌমত্ত বাংলাদেশ আত্মঘাতী।

তিনি বলেন, চুয়াডাঙ্গা নেটওয়ার্ক মানুষ হ্যাসিং পরায় ও আন্তরিক। কর্মকর্তা মানুষ খুব সহজ এবং সরল। চুয়াডাঙ্গা সুবিধার মধ্যে দামুহুদা উপজেলায় সব থেকে বেশি গুরুত্বপূর্ণ স্থাপনা রয়েছে। আমি এই চুডাঙ্গা জেলা প্রশাসন বছরের কার্যক্রম চালু করেছি। এই জিনিষের মধ্যে আমার সুন্দর কর্মীরা বা আমার ব্যাবহারে যদি কেউ কষ্ট পায় তাহলে তা নিশ্চিত করতে পারবে। আমাদের পরবর্তী নরনারেশনকে আদর্শ করে গড়ে তুলতে হবে এবং তার জন্য শিক্ষা। সন্তান ছেলেদের শিক্ষার উপর গুরুত্ব, শিক্ষার কোন বিকল্প নেই। যে জাতি যত শিগগির সে জাতিগতভাবে উন্নত। আমাদের এই প্রজন্মকেশিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে হবে, আদর্শের আদর্শকে বুকে লালন করতে হবে, ইতিহাস জানতে হবে, শিক হতে হবে, তা হলে এই প্রজন্মের মধ্যে দেশপ্রেমের ঘাঁট হবে, দেশ প্রেম হবে না। মাননীয় উন্নয়ন শেখ উদাহরণ শান্তি মানুষের ভাগ্য উন্নয়নকে নিরালসভাবে কাজ করে যাচ্ছে।

ছাত্রনেতা সাধারণ নির্বাচনে সাজু আহাম্মদ রিংকু সহ সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ স্থানীয় জনপ্রতিনিবৃন্দ ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। সকালটি সঞ্চালনা উপজেলা সমবায় জয় হারুন অর রসি।

আলমডাঙ্গার জেহালায় দিলীপ কুমার আগরওয়ালার ছাতা বিতরণ

আলমডাঙ্গার জেহালা ইউনিয়নের জনগনের মাঝে ১ হাজার ছাতা বিতরন করেছেন বাংলাদেশ আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির

সদস্য, এফবিসিসিআইয়ের পরিচালক ও বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস) এর সাধারন সম্পাদক ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক ও তারাদেবী ফাউন্ডেশনের চেয়ারম্যান দিলীপ কুমার আগরওয়ালা দিলীপ কুমার আগারওয়ালা।

এ সময় দিলীপ কুমার আগরওয়ালা বলেন, ‘আমি প্রধানমন্ত্রীর বিস্ময়কর এই অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং চুয়াডাঙ্গা-আলমডাঙ্গাকে স্মার্ট করে গড়ে তুলতে চুয়াডাঙ্গা-১ আসন থেকে নৌকা প্রতীকের প্রার্থী হতে চাই। আমি গত ১০ বছর ধরে এ জেলার মানুষের কল্যাণে ও উন্নয়নে কাজ করে চলেছি। সেই ধারাবাহিকতায় আজ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উপহারের ছাতা বিতরণ করছি। পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে ওয়ার্ডে জননেত্রীর এই উপহার বিতরণ করা হবে।’

এবারের বর্ষায় জনসাধারণের মাঝে স্বস্তির জন্য শুক্রবার বিকেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে ছাতা উপহার প্রদান উপলক্ষে আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের ফুটবল মাঠে অনুষ্ঠিত এক আলোচনা ও মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি।

অনুষ্ঠানে রহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিলীপ কুমার আগরওয়ালা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষক লীগের সাংগঠনিক ইলা, আবুল কালাম আজাদ সাঃ সম্পাদক উপজেলা আলমডাঙ্গা কুতুবউদ্দিন কৃষক লীগ সভাপতি আম্মদ আলী, সাঃ সম্পাদক আরিফ হোসেন নয়ন, সহ সভাপতি সেচ্ছাসেবক লীগ রিয়াজ উদ্দিন মুক্তিযোদ্ধা প্রমূখ।

চুয়াডাঙ্গায় সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের বিক্ষোভ

সুইডেনে আগাম ঘোষণা দিয়ে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় ঈদুল আজহার দিনে পবিত্র কুরআন পোড়ানোর ঘটনার প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলার সদরের বেলগাছি রেলগেটে প্রতিবাদী বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে চুয়াডাঙ্গা জেলার দ্বীনি ও সেবামূলক সংগঠন সম্মিলিত উলামা কল্যাণ

পরিষদ।

আজ শুক্রবার বাদ জুমা বেলগাছি রেল গেট সংলগ্ন ত্রিমুখী চত্বরে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদী সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি হাফেজ মাওলানা সারওয়ার হুসাইন।প্রতিবাদী সমাবেশে বক্তারা বলেন, কুরআনের অবমাননা কোনো মুসলমানদের পক্ষে মেনে নেওয়া সম্ভব না। তাই আমরা এর প্রতিবাদে রাজপথে নেমে এসেছি। সুইডেনে এর আগেও এমন নিন্দনীয় অপরাধের ঘটনা ঘটেছে। কেন এমন ঘটনা বারবার ঘটছে তা বের করে যথাযথ ব্যবস্থা নেওয়া দাবি জানাচ্ছি আমরা।

বক্তারা বলেন, বিশ্বমানবতার মুক্তির সনদ হলো মহাগ্রন্থ আল কোরআন। এই মহাগ্রন্থের যেকোন ধরনের অবমাননা বিশ্ব মুসলিম বিনা চ্যালেঞ্জে ছেড়ে দেবে না । যারা কুরআনের অবমাননা করেছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই। বক্তারা আরও বলেন, সুইডেনে কুরআন পোড়ানো হয়নি, বরং বিশ্বের মুসলমানদের হৃদয় পোড়ানো হয়েছে। এই ঘটনায় গোটা বিশ্বের মুসলমানদের হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে। আমরা এটা কোনভাবেই মেনে নিতে পারছি না।

সরকারের কাছে দাবী জানিয়ে বক্তারা বলেন, সুইডেনের এই ন্যাক্কারজনক ঘটনার প্রতিবাদ জানানোয় বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জানাই। সেই সাথে দাবী জানাচ্ছি, যতদিন পর্যন্ত সুইডেন সরকার বিশ্বের মুসলমানদের কাছে ক্ষমা প্রার্থনা না করবে ততদিন পর্যন্ত সুইডিশ দূতাবাস বন্ধ রাখা হোক এবং রাষ্ট্রীয় সকল সম্পর্ক ছিন্ন রাখা হোক।বিক্ষোভ মিছিল শেষে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের পক্ষ থেকে চুয়াডাঙ্গা শহরে এক হাজার কুরআন শরীফের কপি বিতরণের ঘোষণা দিয়েছে নেতৃবৃন্দগণ।

আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে বক্তব্য রাখেন, মাওলানা হাসানুজ্জামান, মাওলানা আব্দুর রশিদ রজব, মাওলানা মাহফুজুর রহমান মাফী, মাওলানা আমীর খসরু, মাওলানা সাইফুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন, মাওলানা জুনাইদ আল হাবিব, মাওলানা ফয়জুল্লাহ আল মুনির, মাওলানা জামাল উদ্দিন প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভাপতি ইঞ্জিনিয়ার মো: তছিম উদ্দিন বলেন, সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় সংগঠনটি সেবা ও মানবকল্যানমুখী কর্মকান্ডে সবসময় সক্রিয় থাকবে মর্মে আমি আশা করি। সংগঠনটি সুনিদির্ষ্ট কতগুলো লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছে। যার কারণে সকলেই স্বাচ্ছন্দ্যভাবে এখানে কাজ করতে পারবেন। সকলের আন্তরিক সহযোগিতা একান্ত ভাবে কাম্য।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের ত্রি বার্ষিক সম্মেলনে অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা সার্কিট হাউজ মাঠে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃ ওবাইদুর রহমান চৌধুরী জিপু সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম।

শুরুতে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা। আলোচন সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন কারী শান্তি রহমান। চুয়াডাঙ্গা জেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের ত্রি বার্ষিক সম্মেলনে উদ্বোধক হিসেবে বক্তব্য প্রদান করেন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু। এ সময় তিনি বলেন, আমরা সারা বাংলাদেশ কে সেচ্ছাসেবক লীগকে একটি মডেল হিসেবে দাড় করাতে চাই। আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগ মাঠ পর্যায়ে কাজ করে আবারো নৌকাকে বিজয় করবে।এ সময় তিনি সম্মেলন সফল করার জন্য সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান।

প্রধান অতিথির বক্তব্যে প্রদান করেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম

সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দীন নাছিম। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, স্বাধীনতাবিরোধী শক্তি কখনোই ক্ষমতায় আসতে পারবে না। এদেশের জনগণ বুঝে গেছে কারা স্বাধীনতার পক্ষে আর কারা বিপক্ষে। বিএনপি এদেশে ভোট ডাকাতির নজির স্থাপন করেছে! জিয়াউর রহমান হ্যাঁ না ভোট করেছে, খালেদা জিয়া ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারী নির্বাচন করে জনগনের ভোটাধিকার হরণ করছে! বিএনপি ভোট ডাকাতি করে দেশে বিদেশে ভোট ডাকাত হিসেবে চিহ্নিত হয়েছে! মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ এদেশের মানুষের ভোট ও ভাতের অধিকার ফিরিয়ে দিয়েছেন। আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে যদি বিএনপি আবারও ভোট বান চালের চেষ্টা করে তাহলে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সকল নেতাকর্মীকে তা শক্ত হাতে প্রতিহত করার জন্য তিনি আহ্বান জানান।

বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক এ কে এম আফজালুর রহমান বাবু বলেন, বাংলাদেশের ৪ বারের সফল প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য তনয়া জননেত্রী শেখ হাসিনা জনগনের সেবক! শাসক নয়! সেবার মধ্য দিয়ে তিনি জনগণের হৃদয়ে জায়গা করে নিয়েছেন। জনপ্রিয়তা দিয়েই আগামী নির্বাচনে বিপুল ভোটের মাধ্যমে নৌকা জয় লাভ করবে।

বিশেষ অতিথি বক্তব্য বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ নাসিরউদ্দিন বলেন, বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগ কাজ করে মানুষের জন্য জনগণের জন্য। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা দেশকে উন্নত সমৃদ্ধ দেশে পরিনত করতে দিনরাত অক্লান্ত পরিশ্রম করছেন। সরকারের সফলতার জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি সকলের নিকট মাননীয় প্রধানমন্ত্রীর জন্য দোয়া চান।

শুভেচ্ছা বক্তব্যে প্রদান করেন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক খায়রুল হাসান জুয়েল, খুলনা বিভাগীয় আওয়ামী সেচ্ছাসেবক লীগের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ্ আল সায়েম,ঢাকা মহানগর আওয়ামী সেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান সুমন, চুয়াডাঙ্গা পৌর আওয়ামী সেচ্ছাসেবক লীগের সভাপতি আব্দুল হালিম ভূলন, চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক মাফিজুর রহমান মাফি

প্রথম অধিবেশন শেষে দ্বিতীয় অধিবেশনে একক সভাপতি প্রার্থী হিসেবে সৈয়দ ফরিদ আহমেদ কে সভাপতি ঘোষণা করে কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

কিন্তু সাধারণ সম্পাদক হিসেবে পদপ্রার্থী ১১ জন তাদের জীবন বৃত্তান্ত জমা দেন। সকল সাধারণ সম্পাদক প্রার্থীকে নিদিষ্ট সময় দিয়ে একজন প্রার্থী বাঁচার কথা বলে কেন্দ্রীয় নেতৃবৃন্দ। সকল সাধারণ সম্পাদক প্রার্থীদের মতামতের ভিত্তিতে হাফিজুর রহমান হাফিজকে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষণা করেন কেন্দ্রীয় নেতৃবৃন্দ ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজাদুল ইসলাম, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু,চুয়াডাঙ্গা সদর উপজেলা চেয়ারম্যান আশাদুল হক বিশ্বাস, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা ও পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক মতিয়ার রহমান মতি।